গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-৩
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৭৪.০৪.০০৭.০৯(৫).৩৭০ তারিখ: ১৪.১১.২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ জাতীয় পরিবেশ কমিটির ৪র্থ সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং- ০৩.০৮১.০৪৬.০০০০.০১.২০১৫.৮৩; তারিখঃ ১৮.০৯.২০১৯ খ্রিঃ।
২। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পত্র নং-২২.০০.০০০০.০৭৪.০৪.০০৭.০৯(৫).৩৩৩; তারিখঃ ১৪.১০.২০১৯ খ্রিঃ।

মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় পরিবেশ কমিটির ৪র্থ সভা গত ০৬.০৮.২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন জোরদার করণ সংক্রান্তে স্টেকহোল্ডারদের সমন্বয়ে এক সভা গত ১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রেরণ করে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোস্থ ২নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয় (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় আপনার মন্ত্রণালয়/বিভাগের অধিনস্থ দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য, সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন না পাওয়ায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হচ্ছে না বিধায় বারংবার প্রধানমন্ত্রীর কার্যালয় হতে তাগিদপত্র দেয়া হচ্ছে।

সংযুক্তিঃ বর্ণনামতে ১০ (দশ) পৃষ্ঠা।

১৪/১১/২০১৯
(মোঃ মনসুর আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৫৪৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। চেয়ারম্যান (সিনিয়র সচিব), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
০২। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
০৪। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
১৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
১৫। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, বেপজা কমপ্লেক্স, হাউজ: ১৯/ডি, রোড: ৬, ধানমন্ডি আর/এ, ঢাকা।
১৬। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৭। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, রাজউক এভিনিউ, দিলকুশা, ঢাকা-১০০০।
১৮। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৯। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা।

অনুলিপিঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৪। অতিরিক্ত সচিব (পরিবেশ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

D/Environment- 3/Bibidh All/Bibidh.docx

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-৩
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৭৪.০৪.০০৭.০৯(৫).৩৩৩

তারিখ: ১৪.১০.২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

জাতীয় পরিবেশ কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন জোরদার করণ সংক্রান্তে স্টেকহোল্ডারদের সমন্বয়ে এক সভা গত ১৮ সেপ্টেম্বর ২০১৯, বুধবার সকাল ১১.০০ টায় জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৮ (আট) পৃষ্ঠা।

১৪/১০/২০১৯
(মোঃ মনসুর আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৫৪৭

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। চেয়ারম্যান (সিনিয়র সচিব), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
০২। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
০৭। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
১৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
১৫। নির্বাহী চেয়ারম্যান, বেপজা, বেপজা কমপ্লেক্স, হাউজ: ১৯/ডি, রোড: ৬, ধানমন্ডি আর/এ, ঢাকা।
১৬। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৭। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, রাজউক এভিনিউ, দিলকুশা, ঢাকা-১০০০।
১৮। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৯। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা।
২০। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
২১। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
২২। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, মতিঝিল, ঢাকা।
২৩। চেয়ারম্যান, নদী বন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
২৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন।
২৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
২৬। সভাপতি, এফবিসিসিআই, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২৭। মহাপরিদর্শক, কলকারখানা পরিদর্শন পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

ঠ

২৮। জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর/নারায়নগঞ্জ/মুন্সিগঞ্জ/নরসিংদী।
২৯। উপসচিব, বন অধিশাখা-১/পরিবেশ অধিশাখা-১, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩০। সভাপতি, বিজিএমইএ, পান্থপথ, হাতিরঝিল, লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।
৩১। সভাপতি, বিকেএমইএ, হোটেল সোনারগাঁও, ঢাকা।
৩২। সভাপতি, বিটিএমএ, UTC ভবন, লেভেল-৮, ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৩৩। সভাপতি, ট্যানার্স এসোসিয়েশন, হাউজ# ৮৮, রোড# ৭/এ, ফ্ল্যাট# এ-১, ধানমন্ডি, ঢাকা।
৩৪। সভাপতি, জাহাজ মালিক সমিতি, বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা।
৩৫। নির্বাহী পরিচালক, আই ডব্লিউ এম, হাউজ# ৪৯৬, রোড নং-৩২, ঢাকা-১২০৬।

অনুলিপিঃ

০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৩। অতিরিক্ত সচিব (পরিবেশ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৪। যুগ্মসচিব (পরিবেশ-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

জাতীয় পরিবেশ কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন জোরদারকরণ সংক্রান্ত স্টেকহোল্ডারদের সমন্বয়ে গত ১৮.০৯.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। |
| তারিখ | ঃ ১৮-০৯-২০১৯ খ্রিঃ |
| সময় | ঃ সকাল ১১.০০ টা |
| স্থান | ঃ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |

উপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। জনাব এ. এম মনসুরুল আলম, অতিরিক্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০২। ড. মল্লিক আনোয়ার হোসেন, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর।
০৩। জনাব পংকজ কুমার পাল, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
০৪। জনাব মোঃ আব্দুস ছামাদ, যুগ্মসচিব, অর্থ বিভাগ।
০৫। জনাব পরিমল সিংহ, যুগ্মসচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
০৬। জনাব মোঃ রকিবুল হাসান মুকুল, উপ-প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর।
০৭। জনাব মুন্সী মোঃ আবুল হাসেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিএসসি।
০৮। জনাব এবিএম মাহবুব হোসেন, উপসচিব, তথ্য মন্ত্রণালয়।
০৯। জনাব মোহাম্মদ সাইফউল আলম, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১০। জনাব মোঃ নূরুল ইসলাম, সচিব, বিটিএ।
১১। জনাব আফসারুল আরিফিন, সচিব, এফবিসিসিআই।
১২। জনাব শাহনেওয়াজ হক, উপ-নগর পরিকল্পনাবিদ, রাজউক।
১৩। জনাব রাকিবুল হাসান, দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ড।
১৪। জনাব সাইফুল আলম, সহকারী মহাব্যবস্থাপক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন।
১৫। জনাব মোঃ সলিম উল্লাহ, সিনিয়র সহকারী সচিব, শিল্প মন্ত্রণালয়।
১৬। জনাব নাজমুল ইসলাম ভূইয়া, সিনিয়র সহকারী সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৭। জনাব একেএম রফিকুল ইসলাম, উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর।

১.আলোচনা ঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আজকের সভার বিষয়বস্ত্র উপস্থাপনের জন্য উপসচিব(পরিবেশ-৩)-কে অনুরোধ জানান। তিনি সভাকে জাতীয় পরিবেশ কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি অবহিত করেন। তন্মধ্যে জাতীয় পরিবেশ কমিটির ৪র্থ সভার ২.২ নম্বর সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় পরিবেশ কমিটির ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন জোরদারকরণ বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | প্রতিবেদন প্রদানকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | কঠিন বর্জ্যের দূষণ কমানোর জন্য ২২০ কিলোমিটার দীর্ঘ নদী তীরবর্তী কঠিন বর্জ্য অপসারণ করার জন্য ঢাকা সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট স্থানীয় প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিশেষ উদ্যোগ (crash program) গ্রহণ করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(১)] | স্থানীয় সরকার বিভাগ, সংশ্লিষ্ট জেলা প্রশাসন, ঢাকা সিটি করপোরেশন, সংশ্লিষ্ট পৌরসভা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর)/জেলা প্রশাসক, ঢাকা/ নারায়নগঞ্জ/ মুন্সিগঞ্জ/ গাজীপুর/ নরসিংদী। | ঢাকা সিটি উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশনকে আগামী ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | প্রতিবেদন প্রদানকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ২ | জনগণের অংশগ্রহণের মাধ্যমে কঠিন বর্জ্য সংগ্রহ ও তা নির্দিষ্ট স্থানে ফেলার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে এর পরিবেশসম্মত ব্যবস্থাপনা বিষয়ে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার জন্য ঢাকা সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে গণসচেতনতামূলক প্রচারণা চালাতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(২)] | ঢাকা সিটি কর্পোরেশন/সংশ্লিষ্ট পৌরসভা/সরকারি ও বেসরকারি ইলেক্ট্রনিক মিডিয়া/ স্থানীয় জনগণ/ এনজিও/ সিভিল সোসাইটি | সচিব, তথ্য মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো। | জনগণকে সচেতন ও উদ্বুদ্ধকরণ বিষয়ে অগ্রগতি তথ্য মন্ত্রণালয় এবং ঢাকা সিটি কর্পোরেশন(দক্ষিণ/উত্তর) -কে আগামী ১৫ দিনের মধ্যে অবহিত করণের অনুরোধ করা হলো। |
| ৩ | ঢাকা সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নদীর তীরবর্তী এলাকায় ময়লা ফেলার কন্টেইনারের সংখ্যা বৃদ্ধি এবং সময়মত তা থেকে আবর্জনা সংগ্রহ নিশ্চিত করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(৩)] | ঢাকা সিটি কর্পোরেশন/ সংশ্লিষ্ট পৌরসভা ও ইউনিয়ন পরিষদ | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর)/জেলা প্রশাসক, ঢাকা/ মুন্সিগঞ্জ/ গাজীপুর। | কন্টেইনারের সংখ্যা উল্লেখসহ আবর্জনা সংগ্রহ বিষয়ে ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন এবং জেলা প্রশাসক, ঢাকা/ মুন্সিগঞ্জ/ গাজীপুরকে আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ৪ | ঢাকা ওয়াসা কর্তৃক শতভাগ পয়ঃব্যবস্থা নিশ্চিত করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(৪)] | ঢাকা ওয়াসা | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা | স্থানীয় সরকার বিভাগকে আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ৫ | পাগলা পয়ঃশোধনাগারটির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য বিদ্যমান পয়ঃপ্রণালীসমূহ সংস্কার ও তার উন্নয়ন করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(৫)] | ঢাকা ওয়াসা | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা | স্থানীয় সরকার বিভাগকে আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ৬ | সম্পূর্ণ ঢাকা শহরের পয়ঃশোধন নিশ্চিত করার জন্য উপযুক্ত বিভিন্ন স্থানে পয়ঃশোধনাগার স্থাপন করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(৬)] | স্থানীয় সরকার বিভাগ ও ঢাকা ওয়াসা | সচিব, স্থানীয় সরকার বিভাগ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা | স্থানীয় সরকার বিভাগকে আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ৭ | সকল প্রকার নৌযানসমূহের ফিটনেস ঠিক আছে কিনা তা কঠোর তত্ত্বাবধান ও পরিদর্শন এবং নৌযানসমূহে সৃষ্ট কঠিন ও তরল বর্জ্য নৌযানের অভ্যন্তরেই পরিশোধন করার ব্যবস্থা রাখা বা বন্দরে উপযুক্ত সুবিধা সৃষ্টি করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(৭)] | নৌ-পরিবহন মন্ত্রণালয়/ বিআইডব্লিউটিএ/ নদী বন্দর কর্তৃপক্ষ, জাহাজ মালিক সমিতি। | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/ চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/ চেয়ারম্যান, নদী বন্দর কর্তৃপক্ষ/ সভাপতি/সাধারণ সম্পাদক, জাহাজ মালিক সমিতি | নৌপরিবহন মন্ত্রণালয়কে আগামী ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। ফিটনেস ছাড়া নৌযান চালানোর লাইসেন্স প্রদান না করার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো। |

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | প্রতিবেদন প্রদানকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ৮ | মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক ৩০ জুন ২০১০ এর মধ্যে প্রযোজ্য সকল উদ্যোক্তাকে ইটিপি (Effluent Treatment Plant) স্থাপনে বাধ্য করা ও ইটিপি চালু রাখার ব্যবস্থা করা; এক্ষেত্রে ইটিপি স্থাপনের জন্য স্বল্প সুদে ঋণ প্রদানের সুযোগ রাখতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(৮)] | শিল্প মন্ত্রণালয়/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ অর্থ মন্ত্রণালয়/ বাংলাদেশ ব্যাংক/ পরিবেশ অধিদপ্তর/ বেপজা, বিসিক/ এফবিসিসিআই/ বিজিএমইএ/ বিকেএমইএ/ বিজিডব্লিউএ/ বিটিএমএ | সচিব, শিল্প মন্ত্রণালয়/পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/গভর্নর, বাংলাদেশ ব্যাংক/মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/নির্বাহী চেয়ারম্যান, বেপজা/চেয়ারম্যান, বিসিক/সভাপতি, এফবিসিসিআই/সভাপতি, বিজিএমইএ/সভাপতি, বিকেএমইএ/সভাপতি, বিজিডব্লিউএ/ সভাপতি, বিটিএমএ | শিল্প মন্ত্রণালয় এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে আগামী ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। ইটিপি স্থাপন করার জন্য ৬ মাস সময় দিতে হবে। এর মধ্যে ইটিপি স্থাপন না করলে ক্ষতিপূরণ আরোপ করা হবে। অন্যথায় কারখানা বন্ধ করে দেয়া হবে। ইটিপি বিহীন কারখানার তালিকা পরিবেশ অধিদপ্তর সরবরাহ করবে। |
| ৯ | দূষণমুক্ত/সবুজ/পরিচ্ছন্ন প্রযুক্তি ব্যবহারকারী উদ্যোক্তাদের বিভিন্নভাবে উৎসাহিত করার পাশাপাশি দূষণের জন্য দায়ী ব্যক্তি/উদ্যোক্তাকে চিহ্নিত করে তাদের সরকারি কোন পুরষ্কার বা কোন বিশেষ মর্যাদা প্রদানে বিরত থাকার বিষয়টি বিবেচনা করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(৯)] | বাণিজ্য মন্ত্রণালয়/ শিল্প মন্ত্রণালয়/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তর/ এনবিআর/ এফবিসিসিআই/ বিজিএমইএ/ বিকেএমইএ/ বিটিএমএ | সচিব, বাণিজ্য মন্ত্রণালয়/সচিব, শিল্প মন্ত্রণালয়/মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড/সভাপতি, এফবিসিসিআই/সভাপতি, বিজিএমইএ/সভাপতি, বিকেএমইএ/সভাপতি, বিটিএমএ | সিআইপি করার সময় শিল্প কারখানার মাধ্যমে কোন দূষণ হয়েছে কি-না তা জেনে পদক্ষেপ নিতে হবে। পরিবেশ দূষণকারী কোন প্রতিষ্ঠানের মালিককে ৫ বছর সিআইপি না করার উদ্যোগ গ্রহণের জন্য বাণিজ্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো। |
| ১০ | মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক ২৮ ফেব্রুয়ারি ২০১০ এর মধ্যে ট্যানারী শিল্প নগরী, সাভারে অবিলম্বে কেন্দ্রীয় ইটিপি (Central Effluent Treatment Plant) স্থাপনপূর্বক হাজারীবাগ থেকে ট্যানারীসমূহ স্থানান্তর করা; কোন কারণে ইটিপি স্থাপনে বিলম্ব হলেও হাজারীবাগস্থ ট্যানারী শিল্পসমূহ স্থানান্তরের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(১০)] | শিল্প মন্ত্রণালয়, বিসিক/ বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন/ পরিবেশ অধিদপ্তর | সচিব, শিল্প মন্ত্রণালয়/ চেয়ারম্যান, বিসিক/সভাপতি, ট্যানার্স এসোসিয়েশন/ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | শিল্প মন্ত্রণালয়কে আগামী ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ১১ | ঢাকা শহরের চতুর্দিকে দূষণ সৃষ্টিকারী শিল্প প্রতিষ্ঠানসমূহের প্রত্যেকের জন্য পৃথক ডাটাবেজ তৈরি করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(১২)] | পরিবেশ অধিদপ্তর/ সংশ্লিষ্ট জেলা প্রশাসন | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর/নরসিংদী/ নারায়নগঞ্জ/মুন্সিগঞ্জ। | পরিবেশ অধিদপ্তর আগামী ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে। |

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | প্রতিবেদন প্রদানকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১২ | বিদ্যমান ইটিপিসমূহের সঠিক কার্যক্ষমতা ও ধারাবাহিকভাবে চালু রাখার বিষয়টি নিয়মিত পরিবীক্ষণ করা এবং এ লক্ষ্যে একটি কার্যকর সেল গঠন করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(১৩)] | শিল্প মন্ত্রণালয়/পরিবেশ অধিদপ্তর/ কলকারখানা পরিদর্শন পরিদপ্তর | সচিব, শিল্প মন্ত্রণালয়/মহাপরিচালক,পরিবেশ অধিদপ্তর/মহাপরিদর্শক, কলকারখানা পরিদর্শন পরিদপ্তর | পরিবেশ অধিদপ্তর আগামী ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে। |
| ১৩ | পরিবেশগত মানমাত্রার (Environmental Quality Standards) ভিত্তিতে দূষণকারী শিল্প প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণ এবং চাহিদা অনুযায়ী পরিবেশ আইনের প্রয়োজনীয় সংশোধন করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(১৪)] | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তর | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ মহাপরিচালক,পরিবেশ অধিদপ্তর | পরিবেশ অধিদপ্তর আগামী ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে। ইটিপির মিটার আলাদা করতে হবে এবং এ বিষয়ে শিল্প মন্ত্রণালয়কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। যে সকল শিল্প প্রতিষ্ঠান উচ্চ আদালত কর্তৃক নির্দেশনা নিয়ে ইটিপি ব্যতিত কারখানা পরিচালনা করছেন সে আদেশ ভ্যাকেট করণ বিষয়ে পরিবেশ অধিদপ্তর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। দূষণকারী প্রতিষ্ঠানের তালিকা পরিবেশ অধিদপ্তর ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা নিবে। |
| ১৪ | বিনিয়োগ বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশনের সময় নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপনের প্রস্তাবনায় পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের বিষয়টি নিশ্চিত করে ঋণ মঞ্জুরী প্রদানের ব্যবস্থা করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(১১)] | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ/ বাংলাদেশ ব্যাংক ও সকল তফসিল ব্যাংক | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপর্ক্ষ/গভর্ণর, বাংলাদেশ ব্যাংক | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষকে মতামত প্রেরণের অনুরোধ করা হলো। |
| ১৫ | যেখানে সম্ভব সেখানে বৃষ্টির পানি নিস্কাশন নালা থেকে পয়ঃনিস্কাশন লাইন বিচ্ছিন্ন করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে; অন্যান্য এলাকায় সমন্বিত নিষ্কাশন ব্যবস্থা চালু করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(১৫)] | স্থানীয় সরকার বিভাগ/ ঢাকা ওয়াসা | সচিব, স্থানীয় সরকার বিভাগ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা | স্থানীয় সরকার বিভাগকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হলো। |

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | প্রতিবেদন প্রদানকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১৬ | সঠিক পরিবেশ ব্যবস্থাপনার লক্ষ্যে ডক ইয়ার্ডসমূহ বুড়িগঙ্গা নদী তীরবর্তী এলাকা হতে আরও ভাটি এলাকায় স্থানান্তরের বিষয়টি পরীক্ষা করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(১৬)] | নৌ-পরিবহন মন্ত্রণালয়/বিআই-ডব্লিউটিএ/ নদী বন্দর কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/ চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/ নদী বন্দর কর্তৃপক্ষ/জেলা প্রশাসক, ঢাকা/ নারায়নগঞ্জ/ মুন্সিগঞ্জ/ গাজীপুর/ নরসিংদী। | ডক ইয়ার্ড সরানোর কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। নৌপরিবহন মন্ত্রণালয়কে এ বিষয়ে একটি সুনির্দিষ্ট প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ১৭ | ড্রেজিং এর মাধ্যমে কামরাঙ্গির চর নিকটবর্তী মরা নদীর চ্যানেল উন্মুক্ত করে জলাবদ্ধ এলাকায় পানি নিষ্কাশন নিশ্চিতকরণ করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(১৭)] | পানি সম্পদ মন্ত্রণালয়/ পানি উন্নয়ন বোর্ড ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়/মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/জেলা প্রশাসক, ঢাকা। | পানি সম্পদ মন্ত্রণালয়কে আগামী ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ১৮ | ড্রেজিং ও নদীর খননের মাধ্যমে নদীর তলদেশের জমাকৃত বর্জ্য অপসারণ করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(১৮)] | বিআইডব্লিওটিএ/ পানি উন্নয়ন বোর্ড/ এলজিইডি ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন | সচিব, স্থানীয় সরকার বিভাগ/চেয়ারম্যান, বিআইডব্লিটিএ/মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/জেলা প্রশাসক, ঢাকা, নারায়নগঞ্জ/ মুন্সিগঞ্জ/ গাজীপুর/ নরসিংদী। | সংশ্লিষ্ট দপ্তরসমূহকে সমন্বিতভাবে একটি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ১৯ | অবৈধ দখল বন্ধ ও উচ্ছেদের জন্য বুড়িগঙ্গা ও সংযুক্ত নদীসমূহের সীমানা সিএস রেকর্ড অনুযায়ী চিহ্নিত করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(১৯)] | বিআইডব্লিওটিএ/ জেলা প্রশাসক, ঢাকা/ গাজীপুর/ নারায়ণগঞ্জ/ নরসিংদী | চেয়ারম্যান, বিআইডব্লিওটিএ/ জেলা প্রশাসক, ঢাকা/ গাজীপুর/ নারায়ণগঞ্জ/ নরসিংদী/মুন্সিগঞ্জ | সংশ্লিষ্ট দপ্তরসমূহকে সমন্বিতভাবে একটি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ২০ | অবৈধ দখল উচ্ছেদের পর ঢাকার চারদিকের নদী/খালের তীর ধরে ২২০ কিলোমিটার বৃক্ষ রোপণসহ ওয়াকওয়ে ও রাস্তা তৈরী করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(২০)] | বন অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড/ বিআইডব্লিউটিএ ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন | মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ)/প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর/জেলা প্রশাসক, ঢাকা/ নারায়নগঞ্জ/ মুন্সিগঞ্জ/ গাজীপুর/ নরসিংদী। | বৃক্ষরোপণের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বন অধিদপ্তরকে পত্র প্রেরণের অনুরোধ করা হলো। |
| ২১ | বুড়িগঙ্গা ও সংযুক্ত নদীসমূহের প্রস্তাবিত Augmentation Plan এর সম্ভাব্য প্রতিক্রিয়া পরীক্ষা করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৩ এর অনুচ্ছেদ ৮.১(২১)] | পানি সম্পদ মন্ত্রণালয়/ পানি উন্নয়ন বোর্ড/ আইডব্লিউএম | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়/ মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। | পানি সম্পদ মন্ত্রণালয়কে একটি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | প্রতিবেদন প্রদানকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ২২ | উন্নয়ন সহযোগীদের সহায়তায় এবং পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের আওতায় টঙ্গী, সাভার, গাজীপুর, তেজগাঁও, ঘোড়াশাল, তারাবো, নারায়ণগঞ্জ, ঢাকা ইপিজেড এই ৮টি ক্লাস্টারে সেন্ট্রাল ইটিপি (Central Effluent Treatment Plant) স্থাপন করতে হবে।<br>[৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(২২)] | অর্থ মন্ত্রণালয়/ শিল্প মন্ত্রণালয়/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ ঢাকা ওয়াসা/ পরিবেশ অধিদপ্তর/ এফবিসিসিআই | সচিব, অর্থ মন্ত্রণালয়/ সচিব, শিল্প মন্ত্রণালয়/ সচিব, পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/সভাপতি, এফবিসিসিআই | সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আগামী ১৫ দিনের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ২৩ | রিভার মডেলিং সিস্টেম তৈরি এবং প্রয়োগের মাধ্যমে নদীর পানি প্রবাহ ও পানির গুণগত মানের উপর বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের প্রভাব নিরূপণ করার ব্যবস্থা নিতে হবে।<br>[৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(২৩)] | পানি উন্নয়ন বোর্ড/ আইডাব্লিওএম/ পরিবেশ অধিদপ্তর | মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড/ চেয়ারম্যান, আইডাব্লিওএম/মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আগামী ১৫ দিনের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলো। |
| ২৪ | সার্বিক দূষণ প্রতিরোধে শিল্প উদ্যোক্তাদেরকে বৃহত্তর অঙ্গীকারের আওতায় আনতে হবে।<br>[৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(২৪)] | শিল্প মন্ত্রণালয়/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, এফবিসিসিআই | সচিব, শিল্প মন্ত্রণালয়/ সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/সভাপতি, এফবিসিসিআই | বাণিজ্য মন্ত্রণালয় মাস্টার একশন প্ল্যান করেছে। বাণিজ্য মন্ত্রণালয়কে ৩ মাস পরপর ফিডব্যাক পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হলো। |
| ২৫ | যে সকল শিল্প প্রতিষ্ঠানে ইটিপি স্থাপনের মতো অতিরিক্ত জমি নেই সে সকল প্রতিষ্ঠান অন্যত্র স্থানান্তর করা এবং তাদের জন্য সহজে জমি প্রাপ্তির ব্যবস্থাকরণ; সম্ভব হলে এদের জন্য কেন্দ্রীয় Common ইটিপি স্থাপন করা যেতে পারে।<br>[৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(২৫)] | শিল্প মন্ত্রণালয়/ ভূমি মন্ত্রণালয়/ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ এফবিসিসিআই | সচিব, শিল্প মন্ত্রণালয়/ সচিব, ভূমি মন্ত্রণালয়/সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/সভাপতি, এফবিসিসিআই | সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হলো। |
| ২৬ | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের বিস্তারিত এলাকা পরিকল্পনা (Detail Area Plan) অনুযায়ী ঢাকা শহরের অভ্যন্তরে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানসমূহ স্থানান্তর করা এবং একটি সুস্থ ও সুসমন্বিত জোনিং নীতিমালার ভিত্তিতে স্থাপিতব্য শিল্প প্রতিষ্ঠানের অবস্থান নির্ধারণ করতে হবে।<br>[৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(২৬)] | শিল্প মন্ত্রণালয়, রাজউক/ পরিবেশ অধিদপ্তর/ ঢাকা সিটি কর্পোরেশন/ ঢাকা ওয়াসা/ এফবিসিসিআই | সচিব, শিল্প মন্ত্রণালয়/চেয়ারম্যান, রাজউক/ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/ প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ)/ ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/ সভাপতি, এফবিসিসিআই | সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হলো। |

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | প্রতিবেদন প্রদানকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ২৭ | পরিবেশ অধিদপ্তরের সক্ষমতা, বাজেট ও জনবল বৃদ্ধি এবং জেলা পর্যায়ে পরিবেশ অধিদপ্তরের কার্যালয় সম্প্রসারণ করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৮.১(২৭)] | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ জনপ্রশাসন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তর | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/উপসচিব (পরিবেশ-১), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সংশ্লিষ্ট সকলকে কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ করা হলো। |
| ২৮ | যে সকল শিল্প কারখানায় ইটিপি আছে, তা যেন সার্বক্ষণিক চালু থাকে তা মনিটরিং করতে হবে। এক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর ছাড়াও স্থানীয় প্রশাসনের সহায়তা গ্রহণ করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৯.১(১)] | পরিবেশ অধিদপ্তর | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। |
| ২৯ | যে সকল শিল্প কারখানায় ইটিপি স্থাপনের জন্য নিজস্ব জমি নেই, সে সকল শিল্প কারখানা অন্যত্র উপযুক্ত স্থানে স্থানান্তর, প্রয়োজনে শিল্প মালিক সমিতি এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার যৌথ উদ্যোগে ক্লাস্টার ভিত্তিতে ইটিপি স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ খাতের সহায়তা গ্রহণের বিষয়টি পরীক্ষা করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি ০৪ এর অনুচ্ছেদ ৯.১(৩)] | পরিবেশ অধিদপ্তর/বেপজা /এফবিসিসিআই | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/চেয়ারম্যান, বেপজা/ সভাপতি, এফবিসিসিআই। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। |
| ৩০ | বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণ কার্যক্রমের জন্য ২০০ কোটি টাকা স্বল্পসুদের ঋণ সুবিধা রেখেছে, এর একটি উল্লেখযোগ্য অংশ ইটিপি স্থাপনের জন্য প্রদান করা যেতে পারে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সাথে আলোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত নিতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৯.১(৪)] | বাংলাদেশ ব্যাংক | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | শিল্প মন্ত্রণালয় কর্তৃক আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো। |
| ৩১ | কঠিন বর্জ্য কাজে লগিয়ে যুৎসই প্রকল্প গ্রহণের বিষয়টি পরীক্ষা করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৯.১(৫)] | পরিবেশ অধিদপ্তর | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। |
| ৩২ | নিষিদ্ধ ঘোষিত এলাকায় স্থাপিত শিল্পকারখানাসমূহ জরিপ করে প্রতিটি যাচাই-বাছাই করে পরিবেশ ছাড়পত্র দেয়া হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ১০(১)] | পরিবেশ অধিদপ্তর/ বন অধিদপ্তর | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। |

| ক্র. নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | প্রতিবেদন প্রদানকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ৩৩ | শিল্প প্রতিষ্ঠানের নিজস্ব জায়গায় সন্তোষজনক পর্যায়ে বৃক্ষ রোপনসহ পরিবেশ উন্নয়ন কার্যক্রম পরিচালনা করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ১০(৩)] | পরিবেশ অধিদপ্তর/ বন অধিদপ্তর | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। |
| ৩৪ | জলবায়ু পরিবর্তনজনিত এসব আন্তর্জাতিক আলোচনায় অংশগ্রহণে বাংলাদেশ যথাযথ প্রস্তুতি গ্রহণ করবে এবং প্রতিনিধিদল মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ এবং কর্মকর্তাদের অংশগ্রহণের ধারাবাহিকতা অনুসরণ করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ১১(২)] | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ পরিবেশ অধিদপ্তর/ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর/ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট/ উপসচিব(জলবায়ু-১), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। |
| ৩৫ | বনায়নের জন্য তৎকালীন ভূমি মন্ত্রণালয় কর্তৃক হস্তান্তরিত ১২,৩০,০০০ একর জমির একটি সুনির্দিষ্ট অংশ কৃষিকাজের জন্য ভূমি মন্ত্রণালয়ে ফেরৎ দিতে হবে এবং অপর অংশে সংরক্ষিত বন সৃষ্টি ও ঘোষণা দিতে হবে। এ বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় মন্ত্রিসভা বৈঠকে প্রস্তাব পেশ করবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ১৩(১)] | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/ বন অধিদপ্তর | প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর/ উপসচিব, বন-১ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | প্রধান বন সংরক্ষক গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে। |
| ৩৬ | পানি উন্নয়ন বোর্ডের বাঁধে বিশেষ করে বাঁধের বাইরের ঢালের নীচের জমিতে ব্যাপকভাবে বনায়ন করতে হবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ১৪(১)] | পানি সম্পদ মন্ত্রণালয়/ বন অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়/প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর/মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সংশ্লিষ্ট সকলকে কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ করা হলো। |
| ৩৭ | কোন প্রজাতির বৃক্ষ বাঁধের কোন অংশে লাগাতে হবে, ইত্যাদি বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় যৌথভাবে পরীক্ষা করে ব্যবস্থা গ্রহণ করবে। [৩য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ১৪(২)] | পানি সম্পদ মন্ত্রণালয়/ বন অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়/প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর/মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | এ ব্যাপারে সভা আহবানের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হলো। |

জাতীয় পরিবেশ কমিটির ২.২ সিদ্ধান্তসহ অবশিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবেশ অধিদপ্তর মন্ত্রণালয়ে প্রেরণ করবে। জাতীয় পরিবেশ কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত ৩.৫.১ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের বিষয়ে মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে আধা-সরকারি পত্র দিতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)
সচিব